

সহীহ শামায়েলে তিরমিযী

হাদিস নম্বরঃ ৪৭

৮. রাসূলুল্লাহ (ﷺ) -এর পোশাক-পরিচ্ছদ (ﷺ) (باب ما جاء في لباس رسول الله ﷺ) -এর পোশাক-পরিচ্ছদ

আরবী

حَدَّثَنَا سُؤَيْدُ بْنُ نَصْرٍ ، قَالَ : حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَكِ ، عَنْ سَعِيدِ بْنِ إِيَّاسٍ الْجُرَيْرِيِّ ، عَنْ أَبِي نَضْرَةَ ، عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ ، قَالَ : كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ، إِذَا اسْتَجَدَّ ثَوْبًا سَمَّاهُ بِاسْمِهِ عِمَامَةً أَوْ قَمِيصًا أَوْ رِدَاءً ، ثُمَّ يَقُولُ : " اللَّهُمَّ لَكَ الْحَمْدُ كَمَا كَسَوْتَنِيهِ ، أَسْأَلُكَ خَيْرَهُ وَخَيْرَ مَا صُنِعَ لَهُ ، وَأَعُوذُ بِكَ مِنْ شَرِّهِ وَشَرِّ مَا صُنِعَ لَهُ " .

বাংলা

তিনি নতুন কাপড় পরিধানকালে কাপড়ের নাম উচ্চারণ পূর্বক দু'আ পাঠ করতেন :

৪৭. আবু সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন নতুন কাপড় পরিধান করতেন তখন কাপড়ের নাম পাগড়ি অথবা কামীস অথবা চাদর ইত্যাদি উচ্চারণ করতেন। তারপর তিনি এ দু'আ পরতেনঃ

اللَّهُمَّ لَكَ الْحَمْدُ كَمَا كَسَوْتَنِيهِ ، أَسْأَلُكَ خَيْرَهُ وَخَيْرَ مَا صُنِعَ لَهُ ، وَأَعُوذُ بِكَ مِنْ شَرِّهِ وَشَرِّ مَا صُنِعَ لَهُ

অর্থাৎ হে আল্লাহ! তোমারই জন্য যাবতীয় প্রশংসা। যেহেতু তুমিই আমাকে তা পরিধান করিয়েছ। আমি তোমার কাছে এর কল্যাণ প্রার্থনা করছি, আরো কল্যাণ চাচ্ছি যে উদ্দেশে এটা তৈরি করা হয়েছে তাঁর। আর আমি তোমার স্মরণাপন্ন হচ্ছি এর যাবতীয় অনিষ্ট হতে এবং যে উদ্দেশে তৈরি করা হয়েছে তাঁর অনিষ্ট হতে।[1]

English

Abu Sa'eed Khudari (R.A) says, "When Rasulullah (S.A.W) put on a new garment, he would in happiness mention that garment's name. For example, 'Allah Ta'aala gave me this qamis (thowb, kurtah), 'amaamah (turban) sheet, etc" Then recited this du'aa:

'Allahumma lakal hamdu kama kasauw- tanihi, as-aluka khayrahu wa-khayra

ma-suni'a lahu wa-a'u- dhu bika min sharrihi wa-sharri ma-suni'a lahu'.

Translation

"Oh Allah, all praise and thanks to You for clothing me with this (garment). I ask You for the good of it and the good of what it was made for, and I ask Your protection from the evil of it and the evil of what it was made for."

ফুটনোট

[1] আবু দাউদ, হা/৪০২২; মুসনাদে আহমাদ, হা/১১২৬৬; ইবনে হিব্বান, হা/৪৫২০; সুনানে কুবরা লিন নাসাঈ, হা/১০০৬৮; মুস্তাদরাকে হাকেম, হা/৭৪০৮।

ব্যাখ্যা

যখন রাসূলুল্লাহ (সাঃ) কোন নতুন জামা পরিধান করতেন, তখন আনন্দ প্রকাশার্থে তাঁর নাম নির্ধারণ করতেন। যেমন- বলতেন, আল্লাহ তা'আলা আমাকে এ জামাটি বা পাগড়ীটি দান করেছেন। তারপর দু'আ পাঠ করে পরিধান করতেন।

The goodness and badness of a garment is evident and 'for the good and bad for which it was made' means for summer and winter, elegance etc. For whatever reason it is worn, the goodness in it is that it may be used to obtain Allah's pleasure, like performing 'ibaadah (devotion) with it. To use it for a bad cause would be in disobeying Allah or to create pride, arrogance etc.

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইমাম পাবলিকেশন্স লিমিটেড

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=48961>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন